

## শ্রী পীযুষ গোয়েল জাতির উদ্দেশ্যে বিশ্বের বৃহত্তম এলই ডি স্ট্রিট লাইটিং কর্মসূচির উৎসর্গ করেছেন

নয়াদিল্লি, ১০ জানুয়ারি, ২০১৭

কেন্দ্রীয় বিদ্যুৎশক্তি, কয়লা, নব ও পুনর্নবীকরণযোগ্য শক্তি এবং খনি মন্ত্রী শ্রী পীযুষ গোয়েল সোমবার নদিমিতে এল ই ডি ভিত্তিক 'স্ট্রিট লাইটিং ন্যাশনাল প্রোগ্রাম' (এস এল এন পি) জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। কর্মসূচিটি বর্তমানে 'দক্ষিণ দিল্লি মিউনিসিপাল কর্পোরেশন' (এস ডি এম সি) এলাকায় চালু রয়েছে। এটি বিশ্বের বৃহত্তম স্ট্রিট লাইট পুনর্স্থাপন কর্মসূচি এবং ভারত সরকারের বিদ্যুৎশক্তি মন্ত্রকের আওতায় "এনার্জি এফিসিয়েন্সি সার্ভিসেস লিমিটেড" (ই ই এস এল)-এর দ্বারা এই যৌথ প্রয়াসটি রূপায়ণ করা হচ্ছে।

এস এল এন পি কর্মসূচি বর্তমানে পাঞ্জাব, হিমাচল প্রদেশ, উত্তর প্রদেশ, আসাম, ঝাড়খন্ড, ছত্তিশগড়, তেলঙ্গানা, অন্ধ্রপ্রদেশ, কেরালা, গোয়া, মহারাষ্ট্র, গুজরাট ও রাজস্থানে চালনা করা হচ্ছে। ইতিমধ্যে দেশে মোট ১৫.৫৯ লক্ষ স্ট্রিট লাইট এলইডি বাস্তবের দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে, যার ফলে ২০.৬৬ কোটি কিলোওয়াট শক্তিসম্পদ সঞ্চয় করা হচ্ছে এবং এর ফলে ৫১.৪৭ মেগাওয়াট ক্ষমতার শক্তির ব্যবহারকে এড়াতে পারা যাচ্ছে ও তার ফলে প্রতিবছর ১.৭১ লক্ষ টন গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাস করবে। ভারতে শক্তি সক্ষমতা বাজারের অনুমিত পরিমাণ হল ১২ বিলিয়ন মার্কিন ডলার যা উদ্ভাবনী বাণিজ্য ও রূপায়ন পদ্ধতির দ্বারা বিদ্যুৎশক্তি ব্যবহারের পরিমাণ ২০% হারে কমিয়ে আনবে।

সমাবেশে ভাষণ দিতে গিয়ে শ্রী গোয়েল বলেন যে এই সরকার একদিকে যেমন জনগণের কাছ থেকে অর্থ গ্রহণ করা বিশ্বাস করে না, তেমনি অন্যদিকে বিদ্যুতের বিলে ভর্তুকি দিতেও বিশ্বাসী নয়। বরং দেশের সমস্ত নাগরিকের জন্য সপ্তাহভর দিন-রাত ২৪ ঘন্টা ব্যয়সাধ্য মূল্যে, গুণমানযুক্ত শক্তিসম্পদ সুলভ্য করতে দেশে জনগণ এবং শক্তি পরিকাঠামোকে ক্ষমতাসম্পন্ন করার উপর সরকার আস্থা রাখে। মন্ত্রী আরও বলেন যে এস ডি এম সি এলাকার আবাসিকরা এল ই ডি স্ট্রিট লাইটিং কর্মসূচির দ্বারা উপকৃত হবে কেননা এর ফলে কালো ছোপের মাত্রা কমিয়ে আনবে এবং নিরাপত্তা বৃদ্ধি করবে। তিনি আরও বলেন যে পরবর্তী ৭ বছরে সব

মিলিয়ে ১৩৫ কোটি টাকা এবং প্রতি বছর ৫০ কোটিরও বেশি টাকা এই কর্মসূচির মাধ্যমে সঞ্চয় করা যাবে এবং এটা সামাজিক উন্নয়নমূলক উদ্যোগসমূহকে সহায়তা করবে।

এস এল এন পি-এর আওতায় শুধুমাত্র এস ডি এম সি এলাকায় ২ লক্ষেরও বেশি স্ট্রিট লাইট প্রতিস্থাপন করা হয়েছে। এই কর্মসূচির মাধ্যমে এস ডি এম সি-তে বছরে সব মিলিয়ে ২.৬৫ কোটি কিলোওয়াট শক্তি সম্পদ সঞ্চয় হচ্ছে এবং এটা অতিরিক্ত ৬.৬ মেগাওয়াট বিদ্যুৎ ক্ষমতার ব্যবহারকে এড়াতে সহায়তা করেছে, এর ফলে দৈনিক ২২,০০০ টন গ্রিন হাউস গ্যাস নির্গমন হ্রাস করেছে। মন্ত্রী স্ট্রিট লাইটিং কর্মসূচির দ্বিতীয় পর্বের উদ্বোধন করেছেন, এর আওতায় পার্কগুলিতে আরও ৭৫,০০০ স্ট্রিট লাইট স্থাপন করতে বি এস ই এস এবং এস ডি এম সি-এর সঙ্গে ই ই এস এল একটি ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষর করেছে।

এস ডি এম সি প্রকল্পে বিভিন্ন সূত্র থেকে আসা অভিযোগসমূহের মোকাবিলা করা হচ্ছে, যেমন বিএসইএস হেল্পলাইন থেকে নিবন্ধন করা, ই ই এস এল-এর নৈশ টহল বাহিনী, মোবাইল ভ্যান, ই-মেইলিং, সোস্যাল মিডিয়া এবং ওয়ার্ড কাউন্সিলাররা সহ অন্যান্য সূত্র।